

ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নওগাঁ।
www.fpo.naogaon.gov.bd



স্মারক নং:- জেপপ/নওগাঁ/নিয়োগ-২০২১/৫১২

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ২১, আশ্বিন ১৪২৮
০৬, অক্টোবর ২০২১

নওগাঁ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ৩১.০৮.২০২১ তারিখের জেপপ/নওগাঁ/নিয়োগ-২০২১/৪২৩ সংখ্যক স্মারকে জারিকৃত ও ক্যাটাগরি পদের নিয়োগ বিজ্ঞপ্তিতে বয়সের নিম্নসীমা ২৫.০৩.২০২০ তারিখে ১৮ বছর নির্ধারণ করা হয়। এর ফলে আবেদন গ্রহণ শুরুর তারিখ ০৭.০৯.২০২১ এ যাদের বয়স ১৮ বছর হয়েছিল তাঁরা আবেদনের সুযোগ পাননি। এক্ষেত্রে, উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির "আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে" অংশের ৩নং শর্ত সংশোধনপূর্বক নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলোঃ

বিদ্যমান তথ্য	সংশোধিত তথ্য
(৩) ২৫/০৩/২০২০ (পঁচিশ মার্চ দুই হাজার বিশ) তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।	(৩) যে সকল প্রার্থীর বয়স ০৭.০৯.২০২১ তারিখে ন্যূনতম ১৮ বছর এবং ২৫.০৩.২০২০ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩০ বছর তাঁরা আবেদনের যোগ্য। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫.০৩.২০২০ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩২ বছর, তাঁরাও আবেদনের যোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। যে সকল প্রার্থীর বয়সের নিম্নসীমা নির্ধারণ সংক্রান্ত সমস্যার কারণে আবেদন গ্রহণ শুরুর তারিখ ০৭.০৯.২০২১ এ বয়স ১৮ বছর পূর্ণ হওয়া স্বত্বেও আবেদন করতে পারেননি, কেবলমাত্র তাঁরা নিবর্ণিত সময়সীমার মধ্যে <http://dgfpnao.teletalk.com.bd> ওয়েবসাইটে গিয়ে আবেদন করতে পারবেন:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৮.১০.২০২১, সকাল ১০:০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৭.১০.২০২১, বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৩। আবেদন গ্রহণ শুরুর তারিখ ০৭.০৯.২০২১ এ যারা আবেদন করার যোগ্য ছিলেন কিন্তু আবেদন করেননি, এরূপ প্রার্থীর ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে না।

৪। নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৫। নওগাঁ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ৩১.০৮.২০২১ তারিখের জেপপ/নওগাঁ/নিয়োগ-২০২১/৪২৩ সংখ্যক স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি <http://dgfpnao.teletalk.com.bd> ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৬/১০/২০২১

(ড. কস্তুরী আমিনা কুইন)

উপপরিচালক ও

সদস্য সচিব

জেলা পরিবার পরিকল্পনা বাছাই/নিয়োগ কমিটি
নওগাঁ জেলা।

E-mail: ddfnpnaogaon@gmail.com